দৈনিক বাংলা

489

165 ~~164~~ ~~163~~

তারিখ ১৮।১২।৮১
পৃষ্ঠা ১ কলাম ১

### পদার্থ বিজ্ঞান বিভাগের হীরক জয়ন্তী উৎসবে প্রফেসর সালাম

# প্রযুক্তি উন্নয়নে আরও বিজ্ঞানী ও প্রয়াস চাই

(স্টাফ রিপোর্টার)

নোবেল বিজ্ঞানী প্রফেসর আব্দুস সালাম দৃঢ় বিশ্বাসের সঙ্গে বলেছেন, উন্নয়নশীল দেশগুলো বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নের মাধ্যমে তাদের ক্ষুধা ও দারিদ্র্য দূর করতে পারে। এ ব্যাপারে তিনি উন্নয়নশীল দেশগুলোর জনগণ ও সরকারের প্রতি বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নে এগিয়ে আসতে আহ্বান জানান।

গতকাল সকালে টিএসসিতে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের হীরক জয়ন্তী উৎসবে ভাষণ দিচ্ছিলেন। দু দিনব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করেন তিনি। এ অনুষ্ঠানে দিল্লী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও বিশিষ্ট পদার্থ বিজ্ঞানী ডঃ এ এন মিত্রসহ কয়েকজন খ্যাতনামা বিজ্ঞানী যোগ দেন, উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ফজলুল হালিম চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান প্রফেসর এ এম হারুনর রশীদ।

প্রফেসর সালামের উদ্বোধনী ভাষণ শুনতে টিএসসিতে বিপুল জনসমাগম হয়েছিলো। অনুষ্ঠানে নবীন-প্রবীণ বিজ্ঞানীসহ বিভাগের বহু সাবেক ও বর্তমান ছাত্রছাত্রীও এসেছিলেন।

প্রফেসর সালাম বলেন, এই মহৎ অনুষ্ঠানে আমার একটি মাত্র কথা অনুন্নত দেশে আরো বিজ্ঞানী চাই প্রযুক্তি উন্নয়নে আরো উদ্যোগ চাই।

শ্রোতারা তাঁর ভাষণ মন্ত্রমুগ্ধের মত শোনেন। তিনি বিজ্ঞানে

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## প্রযুক্তি

(১ম পৃঃ পর)

তাঁর গবেষণা কাজ সম্পর্কে আলোকপাত করেন। তাঁর গবেষণা কাজের ইতিহাসের সূত্র ধরে তিনি বলেন যে পদার্থ বিজ্ঞান এক নবতর বিকাশের দিকে এগোতে যাচ্ছে।

অনুন্নত দেশগুলোর বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়নে আত্মনির্ভরশীল মনোভাবের ওপর সর্বাধিক গুরুত্ব আরোপ করে প্রফেসর সালাম দুঃখ প্রকাশ করে বলেন যে অনুন্নত দেশে আত্মনির্ভরতা মুখের বুলি ছাড়া আর কিছুই নয়।

অবশ্য তিনি বলেন যে সরকারের সদিচ্ছাই একমাত্র বিজ্ঞান উন্নয়নের জন্যে সহায়ক হবে না যতক্ষণ না সাধারণ মানুষ নিজেরা উদ্যোগী নৃ হন। সরকারের চেষ্টার পাশাপাশি ব্যক্তিগত, বিশেষ করে শিল্পপতি, বেসরকারী প্রতিষ্ঠান এবং বিভিন্ন সংগঠনের উদ্যোগও প্রয়োজনীয় বলে তিনি উল্লেখ করেন।

প্রফেসর সালাম তাঁর ভাষণে বেশ কয়েক বার পবিত্র কোরানের বাণী উদ্ধৃতি দেন। তিনি বলেন যে বিজ্ঞানের উন্নয়নে প্রাচ্য ও প্রতীচ্য উভয়েই ভূমিকা পালন করেছে। কিন্তু দুর্ভাগ্যবশত প্রাচ্য মধ্য যুগ থেকে বিজ্ঞান চর্চায় পিছিয়ে পড়েছে। এ প্রসঙ্গে তিনি বলেন, 'অতীত অতীতই। আমাদের সামনে রয়েছে ভবিষ্যৎ। যতই কঠিন হোক আমাদের চেষ্টা করতে হবে'



শনিবার ছাত্র-শিক্ষক কেন্দ্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের হীরক জয়ন্তী উপলক্ষে সম্মেলনের উদ্বোধন করেন নোবেল পুরস্কারপ্রাপ্ত বিজ্ঞানী জনাব আবদুস সালাম —দৈনিক বাংলা



শনিবার টিএসসিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের হীরক জয়ন্তী উৎসব শুরু হয়। দর্শকদের মাঝে নোবেল পুরস্কার বিজয়ী প্রফেসর আবদুস সালামকে (ডান থেকে চতুর্থ) দেখা যাচ্ছে। —দৈনিক বাংলা